সমকাল

তারিখ: 30 DEC 2015
পৃষ্ঠা: ১ কলাম: ২

# শীতলক্ষ্যায় স্কুলছাত্রের পেট কাটা লাশ

■ সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জের গোদনাইল লক্ষ্মীনারায়ণ কটন মিলের পাশে শীতলক্ষ্যা নদী থেকে জাহিদুল ইসলাম নামের আট বছরের এক স্কুলছাত্রের পেটকাটা লাশ উদ্ধার করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার দুপুরে লাশটি নদীর তীরে ভাসতে দেখে এলাকাবাসী সিদ্ধিরগঞ্জ থানায় খবর দিলে পুলিশ লাশটি উদ্ধার করে। সিদ্ধিরগঞ্জ থানার ওসি জসিমউদ্দিন বলেন, কেউ শিশুটিকে শত্রুতাবশত হত্যা করে লাশ নদীতে ভাসিয়ে দিয়েছে. তবে তদন্ত সাপেক্ষে প্রকৃত ঘটনা বেরিয়ে আসবে। নিহত শিশু জাহিদুলের বাবার নাম মজিবুর রহমান। সিদ্ধিরগঞ্জের গোদনাইলের এনায়েতনগরে তার বাড়ি। নিহতের বাবা মজিবুর জানান, গত সোমবার সন্ধ্যায় কেরোসিন তেল আনতে বাসা থেকে জাহিদুল বের হয়ে রাতে আর ফিরে আসেনি। ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## শীতলক্ষ্যায়

[প্রথম পৃষ্ঠার পর]

অনেক খোঁজাখুঁজি করেও তার কোনো সন্ধান পায়নি পরিবার। গতকাল মঙ্গলবার সকালে জাহিদুলের বাবা মজিবুরের ছেলে নিখোঁজ হওয়ার বিষয়ে সিদ্ধিরগঞ্জ থানায় জিডি করেন। এর পরই নদীতে লাশ পাওয়া যায়। জাহিদুল এনায়েতনগর প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণীর ছাত্র ছিল। পুলিশ লাশ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠিয়েছে। এ ঘটনায় সিদ্ধিরগঞ্জ থানায় একটি মামলা হয়েছে।